

# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

চিকনাগুল

সিলেট

২০২২-২০২৩ অর্থ-বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)-হালনাগাদকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	প্রকৌঃ মোঃ ফারুক হোসেন মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও আহবায়ক, সিটিজেন চার্টার
সভার তারিখঃ	২৩-০২-২০২৩
সভার সময়ঃ	সকাল ১১.০০ ঘটিকায়
স্থানঃ	কোম্পানির সভাকক্ষ
উপস্থিতিঃ	কমিটির সকল সদস্য (সংযোজনী “ক”)

## ১। ভূমিকাঃ

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পূর্নগঠিত কমিটির একটি সভা গত ২৩-০২-২০২৩ তারিখে প্রধান কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যগণ উপস্থিত ছিলেন (উপস্থিতি সংযুক্ত)। সভাপতি শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।


## ২। আলোচনাঃ

সভাপতির অনুমতিক্রমে সিটিজেনস চার্টার কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা উল্লেখ করেন যে, সর্বশেষ কর্ম বন্টন অনুযায়ী এবং কয়েকজন কর্মকর্তার পদায়ন/বদলীজনিত কারণে এসজিএফএল এর সিটিজেন চার্টারে কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০১৭ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ নির্দেশিকা অনুসারে এবং পেট্রোবাংলার নির্দেশনা মোতাবেক প্রতিশ্রুত সেবা সমূহ ৩টি ভাগে চিহ্নিত করা হয় (নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীণ সেবা) এবং সেই মোতাবেক এসজিএফএল এর সিটিজেন চার্টার হালনাগাদের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া সিটিজেন চার্টার উপস্থিত সদস্যদের মতামত এর আলোকে চূড়ান্ত করা হয়।

তাছাড়া, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২২-২০২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পূর্নগঠন করা, ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা, ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) করা, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সিটিজেন চার্টার এর সকল নির্দেশনা সমূহ বাস্তবায়নের জন্য কমিটির সকল সদস্যকে আরও সচেষ্টিত হওয়ার জন্য আহ্বান জানান। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ক) কমিটির সদস্যদের মতামতের আলোকে প্রস্তুতকৃত খসড়া সংশোধন, সংযোজন, বিয়োজন করে চূড়ান্ত করা হয়;
- খ) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পূর্নগঠন করা,
- গ) সিটিজেন চার্টার সময়ে সময়ে update করা;
- ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে অন্ততঃ ৪টি অবহিতকরণ সভা করা;
- ঙ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বাৎসরিক অন্ততঃ ২টি অবহিতকরণ সভা করা; এবং
- চ) সিটিজেন চার্টার অনুমোদনের পর ওয়েব সাইটে upload করা।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(প্রকৌ. মোঃ ফারুক হোসেন)

## অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)/(টিএস)/(এলপিএম)/(পিএন্ডডি)/(অপারেশন)/(প্রশাসন)/(আরডিএম), এসজিএফএল।
- আহ্বায়ক (নৈতিকতা কমিটি), এসজিএফএল।
- নথি।